

কোন অসতের বাক্যে সতেরে মারিব।
 নির্দেয়ীকে দেয়ী, দেয়ী নির্দেয়ী করিব।।
 দারোগার বংশ নাই অত্যাচার জন্য।
 বিচারে মুনসেফী কার্য সেই রূপ গণ্য।।
 তাই বুঝে ছুটি লই আর নাহি যাই।
 ধন দিয়া কি করিব তোমা যদি পাই।।
 পিতা-মাতা খুড়া বলে চাকুরী করিতে।
 ধন কি নিধনকালে যাইবে সঙ্গেতে?
 পড়ে রবে ধন জন কি দালান কোঠা।
 চুল গাছ সঙ্গে নিতে পারে কোন বেটা?
 কেবা মাতা কেবা পিতা কিসের চাকুরী।
 কিবা রাজ্য কিবা ভাৰ্যা দিন দুই চারি।।
 আপনি বলেন যদি চাকুরী করতে।
 পাপ পুণ্য নাহি জানি যাই চাকুরীতে।।”
 ঠাকুরের সঙ্গে ছিল মহেশ বেপারী।
 বসিলেন রসিকেরে দণ্ডবৎ করি।।
 রসিক বলিল ‘মোরে প্রণামিলে কেনে?
 প্রণামের স্থান আছে দেখনা নয়নে?
 যশোবন্ত সূত হরিচাঁদ জগন্নাথ।
 বর্তমানে সে চরণে কর প্রণিপাত।।
 মহেশ বলিল ‘হেন স্থান যে দেখায়।
 তারপদে দণ্ডবৎ আগে হ’তে হয়।।’
 ঠাকুর বলেন ‘শুন রসিকের মাতা।
 তোমার এ ছেলে না শুনিবে কারো কথা।।
 তোমার গর্ভেতে জন্মে এ মহাপুরুষ।
 অনুমানে বুঝি হ’বে ত্রেতার মানুষ।।’
 রসিক গেলেন জয়পুর রাজধানী।
 ভেঁটিয়ে গেলেন জয়পুর নরমণি।।
 ধর্মশাস্ত্র আলাপ রাজার সঙ্গে করে।
 রাজা করে সবিনয় রসিকের তরে।।
 পড়েছি বিপদে বড় গৌরাদ্ধ লইয়া।
 পণ্ডিতেরা নাহি মানে স্বয়ং বলিয়া।।

রসিক বলেন আমি বিচার করিব।
 গৌরাদ্ধকে স্বয়ং বলিয়া মানাইব।।
 সভা হ’লে নবদ্বীপ পণ্ডিতের দলে।
 শান্ত শৈব বৈষ্ণবেরা এল দলে দলে।।
 শান্তিপুর উলাকাশী নদীয়া দ্রাবিড়।
 যেখানে যেখানে ছিল পণ্ডিত সুধীর।।
 সপ্তাহ পর্য্যন্ত সভা হয় প্রতি মাস।
 এইরূপ বিচার হইল ছয় মাস।।
 বনবাসী পরমহংস এসেছিল যারা।
 সুবিচারে পরাজিত হইলেন তারা।।
 ছয়মাস পরে সভাশেষ সুবিচার।
 স্বয়ং বলিয়া তারা করিল স্বীকার।।
 পরমহংসেরা বলে কালকে আসিব।
 গৌরাদ্ধ স্বয়ং বলে স্বীকার করিব।।
 আর যত প্রতিপক্ষ স্বীকার করিল।
 স্বীকার করিয়া তারা ভকত হইল।।
 পরমহংসেরা আর না আসিল ফিরে।
 এ দিকেতে জয়ডঙ্কা বাজে জয়পুরে।।
 বৈষ্ণবেরা সবে জয় জয়ধ্বনি করে।
 জয়গৌর স্বয়ংগৌর বলে উচ্চৈঃস্বরে।।
 সবে মিলে বলেন “গৌরাদ্ধ জয় জয়।
 জয় শ্রীগৌরাদ্ধ জয় রসিকের জয়।।”
 জয়পুরে রাজা করে জয় জয়ধ্বনি।
 রামাগণে বামাস্বরে করে হুঁধ্বনি।।
 জয়পুর জয়পূর্ণ জয় জয় জয়।
 পুষ্প ফেলে মারে কেহ রসিকের গায়।।
 বৈষ্ণবেরা রসিকের করিছে কল্যাণ।
 রসিকের কণ্ঠে করে পুষ্প মাল্য দান।।
 কোন কোন বৃদ্ধা নারী মনের পুলকে।
 ধান্য-দূর্বা দিতেছেন রসিক-মস্তকে।।
 রসিক বলেন ‘মম সাধ্য কিছু নয়।
 যাঁর কার্য সেই করে তার জয় জয়।।